

এশিয়ায় বিস্তৃত হচ্ছে ডিজনির প্রমোদতরী ব্যবসা

- A Monitor Desk Report

Date: 25 August, 2024



সিঙ্গাপুর: মার্কিন বিনোদন জায়ান্ট ওয়াল্ট ডিজনী এশিয়ার বাজারে ব্যবসা সম্প্রসারণে নতুন উদ্যোগ নিয়েছে।

সম্প্রতি কোম্পানিটি জানিয়েছে, এ অঞ্চলে প্রমোদতরীর সংখ্যা দ্বিগুণের বেশি বাড়াচ্ছে। ডি২৩ ফ্যান ইভেন্ট থেকে নতুন এ পরিকল্পনা ঘোষণা এসেছে। মূলত থিম পার্ক ব্যবসাকে আরো বড় রূপ দিতে ও ভবিষ্যৎ গ্রাহক সামনে রেখে সাগর ভ্রমণকে প্রাধান্য দিচ্ছে কোম্পানিটি।

ডিজনি এক্সপেরিয়েন্সেসের চেয়ারম্যান জশ ডি'আমারো সম্প্রতি বলেছেন, 'ডিজনি ২০২৭ থেকে ২০৩১ সালের মধ্যে চারটি নতুন ক্রুজ শিপ সরবরাহের পরিকল্পনা করছে। এগুলো তৈরি হলে বিশ্বের বিভিন্ন স্থানে ডিজনির বিশ্বমানের বিনোদন, খাবার ও আতিথেয়তা পরিষেবা দেয়ার জন্য মোট ১৩টি ক্রুজ শিপ থাকবে।' বর্তমানে ডিজনি ক্রুজ মূলত যুক্তরাষ্ট্রের বন্দর থেকে যাত্রা শুরু ও সেখানে শেষ করে। এ সফরগুলো দুই-তিন রাত থেকে প্রায় দুই সপ্তাহ পর্যন্ত স্থায়ী হয়।

যুক্তরাষ্ট্রে সফল হওয়ার পর ডিজনি এখন এশিয়ায় প্রমোদতরীর ব্যবসা বিস্তৃত করছে। পরিকল্পনা অনুসারে, ডিজনি অ্যাডভেঞ্চার ক্রুজ শিপ ২০২৫ সালে সিঙ্গাপুর থেকে পরিষেবা শুরু করবে, যা এশিয়ার কোনো বন্দর থেকে বছরব্যাপী পরিচালিত ডিজনি বহরের প্রথম জাহাজ হবে। এ জাহাজ ৬ হাজার ৭০০ যাত্রী বহন করবে এবং টয় স্টোরির মতো ডিজনির বিষয়বস্তুভিত্তিক থিম পার্ক থাকবে এতে।

উল্লেখ্য, ১৯৯৮ সালে ক্রুজ ব্যবসা শুরু করে ডিজনি। বর্তমানে এর বহরে পাঁচটি জাহাজ অন্তর্ভুক্ত রয়েছে। ডিজনির সামগ্রিক কার্যক্রমের একটি ছোট অংশ হওয়া সত্ত্বেও প্রমোদতরীগুলো কোম্পানির ভবিষ্যৎ প্রবৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে আশা করা হচ্ছে। বিশেষ করে এটি যদি বিশ্বব্যাপী তরুণ গ্রাহক গোষ্ঠীকে আকর্ষণ করতে পারে তাহলে ডিজনি লাভবান হবে।

